Maya Das
Manju Dey
Arati Sarkar
Bela Chanda
Subhash Chanda
Sikha Dey
[illegible]
Nirmal Chanda
[illegible]
Dipa Ganguly

মায়া দাস, মঞ্জু দে ও আরতি সরকার অর্থাৎ অত্র কোবালার ১নং হইতে ৩নং দাত্রীত্রয় কেবলমাত্র এই চারজন পুত্র কন্যা হিন্দু উত্তরাধিকার আইন ১৯৫৬ মোতাবেক সমতুল্যাংশে অর্থাৎ প্রত্যেকে অবিভক্ত ১/৪ অংশ মোতাবেক প্রাপ্ত হইয়া যৌথায় মাতৃত্যাক্ত উক্ত সমুদয় সম্পত্তিতে ভোগবান/ ভোগবতী ও মালিক দখলিকার দখলকারিনী থাকেন।

অতঃপর উক্ত শংকর লাল চন্দ মহাশয় কোনপ্রকার উইলাদি বা দলিলাদি না করিয়া বিগত ইংরাজী ২০০৭ সালের ২৮শে অক্টোবর তারিখে পরলোক গমন করিলে পর তৎত্যাক্ত উপরোক্ত অবিভক্ত ১/৪ অংশের সম্পত্তিতে তাঁহার স্ত্রী বেলা চন্দ, দুইপুত্র নির্মল চন্দ ও সুভাষ চন্দ এবং চারকন্যা শিখা দে, শিপ্রা বাড়ুই, টুম্পা দে ও দীপা গাঙ্গুলী অর্থাৎ অত্র কোবালার ৪নং হইতে ১০নং দাতা দাত্রীগণ হিন্দু উত্তরাধিকার আইন ১৯৫৬ মোতাবেক সমতুল্যাংশে উক্ত শংকর লাল চন্দ মহাশয়ের ত্যাক্ত উপরোক্ত অবিভক্ত ১/৪ অংশের সম্পত্তিতে প্রত্যেকে অবিভক্ত ১/৭ অংশ মোতাবেক অর্থাৎ উপরোক্ত সমুদয় সম্পত্তিতে প্রত্যেকে অবিভক্ত ১/২৮ অংশ মোতাবেক প্রাপ্ত হইয়া যৌথায় অপর শরিক গণের সহিত এজমালে ভোগদখল করিতে থাকেন।

এমতপ্রকারে আমরা অত্র কোবালা দাতা দাত্রীগণ উক্ত হিরন বালা চন্দ মহাশয়ার ত্যাক্ত উপরোক্ত ১৮ (আঠার) শতক জমি জমা মায় গৃহাদি সহ সম্পত্তিতে স্ব স্ব তুল্যাংশ মোতাবেক প্রাপ্ত হইয়া একত্রে মালিক দখলিকার/ দখলকারিনী সাব্যস্তে এজমালে ভোগদখলীকার আছি।

ADDL. DIST. SUB-REGISTRAR
ALIPORE, SOUTH 24 PGS.
- 1 JAN 2013

এক্ষণে আমরা অত্র কোবালা দাতা দাত্রীগণ আমাদের উপরোক্ত এজমালি সম্পত্তিতে অন্যের বিনা স্বত্ব সংস্রবে যৌথায় ভোগদখলিকার থাকাবস্থায় সঙ্গত কারনে নগদ অর্থের আবশ্যকে উক্ত ১৮ (আঠার) শতক জমি জমা মায় গৃহাদি সহ সম্পত্তি মধ্যে সুচিহ্নিত কমবেশ ৭ (সাত) শতক পরিমিত বাস্তু জমি মায় তদুপরিস্থিত ২৫০ বর্গফুট পরিমিত টালির ছাউনি বিশিষ্ট গৃহাদি মায় সাজপাট আকর আওলাতাদি মায় তৎসংলগ্ন ও তৎসংশ্লিষ্ট যাবতীয় স্বত্বাদি সহ সম্পত্তি সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় বিক্রয় করিবার ঘোষনা করিলে অত্র কোবালা গ্রহীতার পক্ষে একক পরিচালক ও মালিক শ্রী জয়দীপ ঘোষ মহাশয় তাহা বেলমোক্তা ১০,০০,০০০্ (দশ লক্ষ) টাকা পণমূল্যে খরিদ করিতে চাহিলে আমরা অত্র কোবালা দাতা দাত্রীগণ কোবালা গ্রহীতার উক্ত প্রস্তাবিত পণমূল্য বর্তমান বাজারে সর্ব্বোচ্চ বিবেচনা করিয়া উক্ত পণমূল্যে অত্র কোবালা গ্রহীতার অনুকূলে উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি বিক্রয় করিতে সম্মত হইয়া অদ্য তারিখে অত্র কোবালা গ্রহীতার নিকট হইতে উক্ত ধার্য্য পণমূল্যের সমুদয় ১০,০০,০০০্ (দশ লক্ষ) টাকা নিম্ন টাকার জায় মোতাবেক বুঝিয়া পাইয়া তাহার প্রাপ্তি স্বীকারে অত্র কোবালা গ্রহীতার নাম বরাবর অত্র সাফ বিক্রয় কোবালায় সহি সম্পাদন করিয়া দিয়া এতদ্বারা স্বীকার, অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে,

অত্র উক্ত ও নিম্ন তপশীলে বর্ণিত বিক্রীত সম্পত্তিতে আমাদের এযাবৎকাল যে সকল স্বত্ব, স্বামিত্ব, দখল, অধিকার লভ্য ইত্যাদি ছিল বা আছে তৎসমুদয় অদ্য আমাদের নিকট হইতে রদ, রহিত ও বিলুপ্ত হইয়া অত্র কোবালা গ্রহীতার অনুকূলে বর্ত্তাইল বা অর্পিল। অত্র কোবালা গ্রহীতার পক্ষে একক পরিচালক ও মালিক শ্রী জয়দীপ ঘোষ মহাশয় অদ্য হইতে উক্ত ও নিম্ন তপশীলে বর্ণিত খরিদা সম্পত্তিতে

ADDL. DIST. SUB-REGISTRAR
ALIPORE, SOUTH 24 PGS.
JAN 2013

আমাদের যাবতীয় স্বত্বে স্বত্ববান, মালিক দখলকার নিয়ত হইয়া হাল মালিক সরকারে, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানে এবং অন্যান্য প্রয়োজনীয় অফিসে পূর্বাধিকারীর নামের পরিবর্তে অত্র কোবালা গ্রহীতার নাম পত্তন করতঃ ধার্য্যকৃত খাজনাদি ও ট্যাক্সাদি আদায় দিয়া উহা দান, বিক্রয়, বন্ধকাদি সর্ব্ববিধ হস্তান্তর ও রুপান্তর করনের অবাধ ক্ষমতা যুক্তে ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে পরমসুখে ভোগদখল করিতে থাকুন বা থাকিবেন, তাহাতে আমরা অত্র কোবালা দাতা দাত্রীগণ মায় আমাদের ভবিষ্যৎ ওয়ারিশান বা স্থলাভিষিক্ত গণের কাহারও কোন প্রকার ওজর আপত্তি, দাবী দাওয়া রহিলনা বা থাকিল না, ভবিষ্যতে কেহ দাবী করিলেও তাহা অত্র দলিল বলে সর্ব্বত্র সর্ব্বাদালতে বাতিল ও নামঞ্জুর বলিয়া গণ্য হইবে।

প্রকাশ থাকে যে, অত্র উক্ত ও নিম্ন তপশীলে বর্ণিত বিক্রীত সম্পত্তি আমরা ইতিপূর্বে অপর কাহারও নিকট কোনরূপ হস্তান্তরাদি বা দায়াবদ্ধ করি নাই বা উহাতে অপর কোন শরিক অংশীদার বা দাবীদার নাই বা উহা কাহারও জামিনে বা মর্টগেজে আবদ্ধ নহে, উহা মামলা মোকর্দ্দামার বিষয় ভুক্ত সম্পত্তি নহে, উহা সরকার বা কোন পাবলিক প্রতিষ্ঠান কর্তৃক রিকুইজিশান বা এ্যকুইজিশান হয় নাই, উহা দেবোত্তর বা পীরোত্তর সম্পত্তি নহে, সম্পূর্ণ নির্দায়, নির্দোষ ও মুক্ত অবস্থায় আমাদের খাস দখলে থাকাকালিন এবং আমাদের বিক্রয় যোগ্য উত্তম স্বত্বাধিকার থাকাকালিন অত্র কোবালা দলিল বলে অত্র কোবালা গ্রহীতার নিকট বিক্রয় করতঃ অত্র বিক্রীত উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে অত্র কোবালা গ্রহীতাকে অদ্যই খাস দখল প্রদানে উহা হইতে আমরা মায় আমাদের ভবিষ্যৎ ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে চিরতরে নিঃস্বত্ব/ নিঃস্বত্বা ও দখলচ্যুত/ দখলচ্যুতা হইলাম।

ADDL. DIST. SUB-REGISTRAR
ALIPORE, SOUTH 24 PGS.
[illegible] JAN 2013

আমাদের উপরি উক্তি সমুদয় সত্য, যদি কোন কারণ বশতঃ উক্ত উক্তি সমুহের মধ্যে কোন উক্তি মিথ্যা বা তঞ্চকতা বলিয়া প্রকাশ পায় তজ্জন্য আমরা মাফিক আইন আমলে আসিতে বাধ্য রহিলাম। অন্যথায় অত্র কোবালা গ্রহীতার দেয় মূল্যের সমুদয় টাকা মায় সমস্ত রকম ক্ষতি খেসারতাদি সহ অত্র কোবালা গ্রহীতাকে নগদ এককালিন ফেরত দিতে আমরা মায় আমাদের ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে বাধ্য রহিলাম।

যদি ভবিষ্যতে অত্র দলিলে মুসাবিধায় বা টাইপ কারকের অসর্তকতার দরুন কোন প্রকার ভুলভ্রান্তি ক্রটি বিচ্যুতি থাকা প্রকাশ পায় এবং তজ্জন্য উক্ত বিক্রীত সম্পত্তি সম্পর্কে কোন প্রকার সংশোধনী বা পরিপূরক দলিল করিবার আবশ্যক হয় তাহাও আমরা বিনাপণে, বেওজরে অত্র কোবালা গ্রহীতার তলবে ও খরচায় উক্ত সম্পত্তি সম্পর্কীয় যে কোন প্রকার সংশোধনী বা পরিপূরক দলিল রেজিষ্ট্রী করিয়া দিতে সম্মত রহিলাম, আমাদের অভাবে আমাদের আইন সম্মত ওয়ারেশগণ প্রয়োজনীয় দলিলাদি অত্র কোবালা গ্রহীতার অনুকুলে সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য রহিলেন।

আরও প্রকাশ থাকে যে, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানে এবং অন্যান্য প্রয়োজনীয় অফিসে অত্র বিক্রীত সম্পত্তি সম্পর্কে অত্র কোবালা গ্রহীতার নাম পত্তনের আবশ্যকে যদি আমাদের কোন প্রকার সহি সাবুদ বা সাহায্যের প্রয়োজন হয় তাহাও আমরা বিনাপণে বেওজরে অত্র কোবালা গ্রহীতার তলবে যথাযথ করিয়া দিতে সম্মত রহিলাম, আমাদের অভাবে আমাদের আইন সম্মত ওয়ারেশগণ প্রয়োজনীয় কার্য্যাদী অত্র কোবালা গ্রহীতার অনুকুলে করিয়া দিতে বাধ্য রহিলেন।

Seal of the Additional District Sub-Registrar

ADDL. DIST. SUB-REGISTRAR
ALIPORE, SOUTH 24 PGS.
JAN 2013

Malda Das
Maitri D
Arati Sarkar
Belu Chanda
Sikha Dey
Subhash Chanda
Dipa Ganguly

এতদর্থে সুস্থ শরীরে, সরলমনে, স্বেচ্ছায়, স্বজ্ঞানে অন্যের বিনানুরোধে অত্র দলিল পাঠ করিয়া উহার মর্ম্ম সম্যক অবগত হইয়া ও মূল্যের সমুদয় টাকা নিম্ন টাকার জায়মত গ্রহণ করিয়া তাহার প্রাপ্তি স্বীকারে অত্র কোবালা গ্রহীতার নাম বরাবর অত্র কোবালা দলিলে সহি সম্পাদন করিলাম। ইতি তারিখ ইংরাজী ২০১৩ সালের ৩১শে জানুয়ারী মোতাবেক বাংলা ১৪১৯ সনের ১৭ই মাঘ।

## তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয়

জেলা দক্ষিন ২৪ পরগণা, থানা রিজেন্টপার্ক, পরগণা মাগুরা, এ্যাডিশন্যাল ডিস্ট্রিক্ট সাবরেজিষ্ট্রী অফিস আলিপুর, অত্র জেলা কালেক্টারীর ৬৩, ৬৪নং তৌজিভুক্ত রেঃসাঃ নং ৩৮১, জে.এল. নং ৪৫, বাঁশদ্রোনী মৌজায় রিভিসন্যাল সেটেলমেন্ট জরিপের ৫৫৭(পাঁচশত সাতান্ন) নং খতিয়ান ভুক্ত ১২৫৬ (এক হাজার দুইশত ছাপান্ন) নং দাগে বাস্তু ২৩ শতক জমি জমা মধ্যে পৃথক চিহ্নিত ১৮ (আঠার) শতক জমি জমার অন্দরে সুচিহ্নিত কমবেশ ৭ (সাত) শতক পরিমিত বাস্তু জমি মায় তদুপরিস্থিত ২৫০ বর্গফুট পরিমিত ইটের দেওয়াল ও টালির ছাউনি বিশিষ্ট গৃহাদি মায় সাজপাট আকর আওলাতাদি মায় তৎসংলগ্ন ও তৎসংশ্লিষ্ট যাবতীয় ব্যবহারিক স্বত্বাদি সহ সম্পত্তি অত্র কোবালায় বিক্রীত সম্পত্তি হইতেছে। অত্র বিক্রীত সম্পত্তির হারাহারি বার্ষিক খাজনা হাল মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিন ২৪ পরগণা জেলা কালেক্টার বাহাদুর সেরেস্তায় সন সন আদায় দিতে হয়। বিক্রীত সম্পত্তি অত্র দলিল সাথ গ্রথিত একাংশ্য গণ্য নক্সায় লাল রঙের সীমারেখা দ্বারা চিহ্নিত করতঃ প্রদর্শিত হইল। বিক্রীত সম্পত্তি বর্তমান কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের ১১৩নং ওয়ার্ডের অন্তর্গত ৪০নং কালীতলা পার্ক প্রেমিসেসের অংশ ভূক্ত হইতেছে। উহার এ্যাসেসী নং৩১-১১৩-১২-০০৪০-০ হইতেছে।

ADDL. DIST. SUB-REGISTRAR
ALIPORE, SOUTH 24 PGS.
1 JAN 2013